

সামনের দিকে এগিয়ে যাওয়া

এটা কখনোই ঠিক নয়: যৌন সহিংসতা ও হয়রানি বন্ধ করার জন্য একটি কর্মপরিকল্পনা-এর মাধ্যমে (IT'S NEVER OKAY: AN ACTION PLAN TO STOP SEXUAL VIOLENCE AND HARASSMENT), আমরা এমন একটি অন্টারিও প্রতিষ্ঠা করার জন্য আমাদের দায়িত্ব পালন করছি যাতে সবাই যৌন সহিংসতা ও হয়রানির হুমকি, ভয় বা অভিজ্ঞতা থেকে মুক্ত থেকে নিরাপদে বসবাস করতে পারে। এই পরিকল্পনায় নিচে উল্লিখিত বিষয়গুলোতে অঙ্গীকার অন্তর্ভুক্ত রয়েছে:

- I** কর্মক্ষেত্রে, ক্যাম্পাসে, বাসস্থানে, এবং নাগরিক অধিকার প্রক্রিয়ার মাধ্যমে যৌন সহিংসতার সাথে সংশ্লিষ্ট বিধিগুলো জোরদার করার জন্য আইন প্রণয়ন করা।
- 2** আচরণকে চ্যালেঞ্জ করার জন্য, ধর্ষণের সংস্কৃতির সাথে সম্পৃক্ত আচরণে তাৎক্ষণিক পরিবর্তন আনার জন্য, এবং দুর্ভাব্যে প্রোথিত মনোভাব ও আচরণের অবসান ঘটানোর জন্য দীর্ঘ-মেয়াদি প্রজন্মগত পরিবর্তনে উদ্বুদ্ধ করার জন্য সারা অন্টারিও জুড়ে গণশিক্ষা ও সচেতনতা সম্পর্কে একটি প্রচারণা শুরু করা।
- 3** যৌন হামলার শিকার হওয়া ব্যক্তিদেরকে এ সম্পর্কে রিপোর্ট করতে উৎসাহিত করার উদ্দেশ্যে আইন প্রয়োগকারী কর্তৃপক্ষের সহানুভূতিশীল ও সংবেদনশীল প্রতিক্রিয়াকে সমর্থন জানানোর জন্য হাতিয়ার তৈরি করা ও সেরা অনুশীলনগুলো শনাক্ত করা।
- 4** সমর্থন বাড়ানো এবং অপরাধীদের বিচার প্রক্রিয়ার মধ্যে দিয়ে এগিয়ে যাওয়ার ক্ষেত্রে ক্ষতিগ্রস্তদের অভিজ্ঞতাকে উন্নত করার জন্য একটি উন্নত বিচার প্রক্রিয়ার মডেল তৈরি করা।
- 5** সুস্থ সম্পর্ক ও সম্মতি প্রদানের বিষয়টি সহ অনেকগুলো গুরুত্বপূর্ণ বিষয়ে গভীর উপলব্ধি অর্জন করতে 1-12 গ্রেডের শিক্ষার্থীদেরকে সাহায্য করার জন্য স্বাস্থ্য ও শারীরিক শিক্ষার পাঠক্রম হালনাগাদ করা।
- 6** ক্যাম্পাসজুড়ে যৌন সহিংসতা ও হয়রানির নীতিমালা প্রণয়নে শিক্ষার্থীদের সাথে কাজ করাটা কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলোর জন্য আবশ্যিক করার জন্য আইন তৈরি করা, যার মধ্যে রয়েছে প্রশিক্ষণ, প্রতিরোধ, অভিযোগ প্রক্রিয়া ও প্রতিক্রিয়ার প্রটোকল।
- 7** দিনে 24 ঘন্টা, সপ্তাহে 7 দিন চমৎকার, যথাযথ ও সময়মত পরিচর্যা বজায় রাখার জন্য হাসপাতাল-ভিত্তিক যৌন ও গৃহ সহিংসতা চিকিৎসা কেন্দ্রগুলোর প্রদানকৃত সহায়তাকে জোরদার করা।

(পরবর্তী পৃষ্ঠা দেখুন)

8

যৌন হামলা ও হয়রানির শিকার হওয়া ব্যক্তিদেরকে আরো ভালোভাবে সহায়তা দেয়ার জন্য স্বাস্থ্য, কমিউনিটি পরিষেবা, শিক্ষা ও বিচার বিভাগের সামনের সারির কর্মীদের জন্য হালনাগাদ প্রশিক্ষণের ব্যবস্থা করা, এবং সেবা খাতের কর্মীদের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করা যাতে তারা জানতে পারেন যে উচ্চ-ঝুঁকিপূর্ণ পরিস্থিতিগুলোর মুখোমুখি হলে কিভাবে সাহায্য করতে হবে।

9

কমিউনিটি-ভিত্তিক যৌন হামলা প্রতিরোধ কেন্দ্রগুলোকে স্থিতিশীল করা এবং সেগুলোর তহবিল বাড়ানো।

IO

যৌন হামলার শিকার হওয়া যে সব ব্যক্তির মামলাগুলো ফৌজদারি বিচার প্রক্রিয়ার মধ্য দিয়ে যাচ্ছে তাদেরকে বিনামূল্যে স্বতন্ত্র আইনী পরামর্শ দেয়ার জন্য একটি পাইলট কর্মসূচি তৈরি করা।

II

নারীর বিরুদ্ধে সহিংসতার বিষয়গুলোতে অন্টারিওকে কানাডার মধ্যে একটি নেতৃস্থানীয় অবস্থানে নিয়ে আসার জন্য একটি স্থায়ী গোলটেবিল আলোচনা চালু করা।

I2

পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা আইনের অধীনে আইনের প্রয়োগ জোরদার করার জন্য কর্মক্ষেত্রের আইনগুলোকে স্বরাষ্ট্রিত করা, যার মধ্যে রয়েছে যৌন হয়রানি সম্পর্কে আরো শক্তিশালী নীতিমালা তৈরি করার জন্য নিয়োগকারীদেরকে সাহায্য করার জন্য আচরণবিধি প্রণয়ন করা।

I3

সম্মতি, ধর্ষণের সংস্কৃতি ও লিঙ্গ অসমতার বিষয়গুলোতে কথোপকথন ও আলোচনাকে উদ্বুদ্ধ করে এমন প্রজেক্ট তৈরি করতে অন্টারিও'র শিল্পীদেরকে সহায়তা করবে এমন একটি সৃজনশীল সম্পৃক্ততা তহবিল চালু করা।



সাহায্যের জন্য, 211 নম্বরে ফোন করুন অথবা 211.ca দেখুন।
আরো তথ্যের জন্য, ontario.ca/itsneverokay দেখুন।